56

দৈনিক জনকণ্ঠ

তারিখ 26 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

# সিলেট মেডিক্যালে সংঘর্ষ ॥ আহত ১৫ ১৩ কক্ষ ভাংচুর

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** শনিবার গভীর রাতে সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ ছাত্রবাস এলাকায়

(শেষ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## সিলেট মেডিক্যাল

(প্রথম পাতার পর)

ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে এক সংঘর্ষে ১৫ জন আহত হয়। ৩টি ছাত্রাবাসের ১৩টি কক্ষ ভাংচুর করা হয়। সংঘর্ষ চলাকালীন ব্যাপক বোমাবাজি ও গুলিবর্ষণ হয়। এই ঘটনার জের ধরে রবিবার শহরের মদনমোহন কলেজ, এমসি কলেজ ও পলিটেকনিক কলেজে ধাওয়া পাল্টাধাওয়া হয়। পুলিশ জিয়া হোস্টেল থেকে অস্ত্রসহ দুই ছাত্রদল কর্মীকে গ্রেফতার করেছে।

শনিবার রাত ১টা থেকে ভোর ছয়টা পর্যন্ত মেডিক্যাল কলেজের জিয়া হোস্টেল, আবু সিনা ছাত্রাবাস ও শামসুদ্দিন হোস্টেলে হামলা চলে। ৩টি ছাত্রাবাসের ১৩টি কক্ষ ভাংচুর করা হয়।

জেলা ছাত্রলীগ নেতৃবৃন্দ জানিয়েছেন, ছাত্রদল কর্মীরা ছাত্রাবাসে সশস্ত্র হামলা চালালে কয়েকটি কক্ষ ভাংচুর ও বেশ কয়েকজন ছাত্রলীগ নেতা-কর্মী আহত হয়।

জেলা ছাত্রদল এক সংবাদ সম্মেলনে বলেছে, গভীর রাতে সশস্ত্র ছাত্রলীগ কর্মীরা ছাত্রাবাসে অতর্কিতে হামলা চালিয়ে ৬ জন ছাত্রদল নেতা-কর্মীকে মারাত্মক আহত করে। তারা ৩টি ছাত্রাবাসের ১৩টি কক্ষ ভাংচুর করে। আহত ছাত্রদল নেতা-কর্মীরা হচ্ছেন শামসুজ্জামান, মাহবুব আল-বাকের, সুমন, বিপুল, নাজমুল হোসেন, ফারুক আহমদ।

উল্লেখ্য, গত দু'বছর যাবত সিলেট ওসমানী মেডিক্যাল কলেজে রাজনীতি নিষিদ্ধ রয়েছে। শনিবার হল দখলকে কেন্দ্র করে দু'দলের মধ্যে সংঘর্ষ বাধে।